

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

বালকা (দামেশক)-এর খ্রিষ্টান শাসক হারেছ বিন আবু শিম্র আল-গাসসানীর নিকটে পত্র (البي الحارث بن إلى الحارث بن أبي شمر الغساني صاحب البلقاء

সিরিয়ার বনু আসাদ বিন খোযায়মা গোত্রভুক্ত ছাহাবী শুজা' বিন ওয়াহাব আল-আসাদী (রাঃ)-কে পত্রবাহক হিসাবে প্রেরণ করা হয়। পত্রটি ছিল নিম্নরূপ:

بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ مِنْ مُحَمَّد رَسُولِ اللهِ إلَى الْحَارِثِ بْنِ أَبِيْ شِمْرٍ سَلاَمٌ عَلَى مَنِ اتَّبَعَ الْهُدَى وَآمَنَ بِاللهِ وَصَدَّقَ وَإِنِّى أَدْعُوْكَ إلَى أَنْ تُوْمِنَ بِاللهِ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ يَبْقَى لَكَ مُلْكُكَ

'... আমি আপনাকে আহবান জানাচ্ছি যে, আপনি আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করুন। যিনি এক, যার কোন শরীক নেই। আপনার রাজত্ব বাকী থাকবে'।

পত্র পাঠে হারেছ সদম্ভে বলে উঠলেন, مَنْ يَّنْزِعُ مُلْكِيْ مِنِّيْ؟ أَنَا سَائِرٌ إِلَيْهِ 'কে আমার রাজ্য ছিনিয়ে নিবে? আমি তার দিকে সৈন্য পরিচালনা করব'। তিনি ইসলাম কবুল করলেন না (যাদুল মা'আদ পৃঃ ৩/৬০৮-৬০৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5530

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন